

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, আগস্ট ১৮, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[ভ্যাট বিভাগ]

আদেশ

তারিখ : ১৭ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ/০১ আগস্ট, ২০১৯ খ্রিস্টাব্দ

নং ১৯/মুসক/২০১৯—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১৬ এর উপ-বিধি (৪) এর উদ্দেশ্য পূরণ কল্পে জাতীয় রাজস্ব বোর্ড, মুসক এজেন্ট নিয়োগের লিখিত পরীক্ষা গ্রহণের নিমিত্ত নিম্নরূপ সিলেবাস প্রণয়ন করিল, যথা :—

ক্রমিক	বিষয়	নম্বর
১.	মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২	৩০
২.	মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬	
৩.	উক্ত আইন ও বিধিসমূহের অধীন জারিকৃত প্রজ্ঞাপন ও আদেশসমূহ	
৪.	Customs Act, 1969 ও এর অধীন জারিকৃত প্রজ্ঞাপন ও আদেশসমূহ এবং সংশ্লিষ্ট আইন ও বিধি	২০
৫.	Income Tax Ordinance, 1984	১০

(২০৬৯১)

মূল্য : টাকা ৪.০০

ক্রমিক	বিষয়	নম্বর
৬.	Foreign Exchange Regulations Act, 1947 Import and Export Control Act, 1950 Money Laundering Prevention Act, 2012 Copyright Act, 2000 and Intellectual Property Rights Merchandise Marks Act, 1889 Public Demand Recovery Act, 1913 Anti-Corruption Commission Act, 2004 আমদানি নীতি আদেশ (যখন যেই আদেশ বলবৎ থাকিবে) রপ্তানি নীতি আদেশ (যখন যেই আদেশ বলবৎ থাকিবে)	২০
৭.	সাধারণ গণিত	১০
৮.	বাংলা ও ইংরেজি	১০

০২। পরীক্ষার সময় হইবে তিন ঘণ্টা। জাতীয় রাজস্ব বোর্ডের ভিন্নরূপ নির্দেশনা না থাকিলে মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম তাহার নিজস্ব পদ্ধতি ও ব্যবস্থাপনায় প্রশ্নপত্র প্রণয়ন করিতে পারিবেন।

০৩। মৌখিক পরীক্ষা ২০ নম্বরের হইবে। মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য পদ মর্যাদার নিম্নে নহে, এমন প্রতিনিধি অন্তর্ভুক্ত করিয়া মৌখিক পরীক্ষা গ্রহণের নিমিত্ত ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করিবেন।

০৪। লিখিত ও মৌখিক উভয় পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম ৫০ (পঞ্চাশ) শতাংশ নম্বর 'মূসক এজেন্ট নিয়োগ লিখিত পরীক্ষা' এর উত্তীর্ণের মান হিসাবে বিবেচিত হইবে।

০৫। এই আদেশ মূল্য সংযোজন কর সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে জারি করা হইল, যাহা ০১ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

হাছান মুহম্মদ তারেক রিকাবদার
প্রথম সচিব (মূসক নীতি)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd